কানাইঘাটে গাছবাড়ি উইমেন্স কলেজের উদ্যোগে শিক্ষা সমাবেশ অনুষ্টিত

কানাইঘাট প্রতিনিধি:: গাছবাড়ি অঞ্চলের প্রথম মহিলা কলেজ গাছবাড়ি উইমেন্স কলেজ এর উদ্যোগে এক শিক্ষা সমাবেশ গতকাল বৃহস্পতিবার (৬ অাগস্ট) রাতে কলেজ অডিটোরিয়ামে অনুষ্টিত হয়েছে।

গাছবাড়ি মডার্ণ একাডেমীর ম্যানেজিং কমিটির সভাপতি জালাল উদ্দিনের সভাপতিত্বে ও কলেজের অর্থনীতি বিভাগের প্রভাষক অামিনুল ইসলামের সঞ্চালনায় এতে প্রধান অতিথির বক্তব্য রাখেন কানাইঘাট ডিগ্রী কলেজের প্রতিষ্টাতা অধ্যক্ষ বীর মুক্তিযুদ্ধা সিরাজুল ইসলাম। স্বাগত বক্তব্য রাখেন গাছবাড়ি উইমেন্স কলেজের প্রধান সমন্বয়ক অাহমদ সালেহ বিন মালিক। বিশেষ অতিথি ছিলেন ৭ নং দক্ষিণ বাণীগ্রাম ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মাসুদ অাহমদ,৮ নং ঝিংগাবাড়ী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অাব্বাস উদ্দিন, ফুলবাড়ী অাজিরিয়া ফাজিল মাদরাসার উপাধ্যক্ষ মাওলানা জাকির হোসেন, বড়দেশ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক নুর উদ্দিন, মাওলানা অাব্দুল করিম, মাওলানা অাব্দুল মালিক। বক্তব্য রাখেন সাংবাদিক তাওহীদুল ইসলাম, এমদাদুর রহমান, ইউপি সদস্য শরীফ অাহমদ,ইউপি সদস্য বদরুল ইসলাম,

ঢাকা বিশ্ববিদ্যালয়ের মেধাবী শিক্ষার্থী তোফায়েল অাহমদ,চট্রগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক মেধাবী শিক্ষার্থী মাছনুন অাহমদ,মাস্টার ফয়সল আহমদ,স্বাস্থ্য কর্মকর্তা আব্দুর রহিম প্রমুখ। সভায় বক্তারা গাছবাড়ি উইমেন্স কলেজ প্রতিষ্টার উদ্যোগকে স্বাগত জানিয়ে বলেন, এ অঞ্চলের দীর্ঘদিনের দাবী ছিল একটি মহিলা কলেজ। এ কলেজ প্রতিষ্টার মধ্যে দিয়ে এতদঞ্চলের নারী শিক্ষায় একটি জাগরণ সৃষ্টি হবে। একঝাঁক দক্ষ শিক্ষকমন্ডলী, সুষ্টু ব্যবস্থাপনা ও অভিভাবকের অান্তরিক প্রচেষ্টায় এ কলেজ অচিরেই একটি উন্নতমানের কলেজে পরিণত হবে বলে বলে বক্তারা অভিমত ব্যক্ত করেন।

অনুষ্টানে অনান্যের মধ্যে উপস্থিত ছিলেন গাছবাড়ি মডার্ণ একাডেমির শিক্ষক এবাদুর রহমান,শিক্ষক মাওলানা কামাল উদ্দীন,হা: তাজ উদ্দিন, প্রভাষক আব্দুর রহিম, মাও রুহে আলম, গিয়াস উদ্দিন, দক্ষিণ বাণীগ্রাম যুব ফোরামের সদস্য সচিব মহি উদ্দিন

জাবের, ব্যাংকার জামিলুর রহমান, সাংবাদিক জয়নাল আবেদিন, অাব্দুল কাদির প্রমুখ।